

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল  
টরন্টো, কানাডা

প্রেস বিজ্ঞপ্তি

২০ ফেব্রুয়ারি ২০২০, টরন্টো

বাংলাদেশের সাথে বৃহত্তর বাণিজ্য সম্পর্কের উপর জোর দিলেন বাণিজ্য মন্ত্রী ফেডেলি



ক্যাপশন: মন্ত্রী ফেডেলি'র সাথে কনসাল জেনারেল নাঈম আহমেদ

কানাডার অন্টারিও প্রদেশের ‘অর্থনৈতিক উন্নয়ন, কর্মসংস্থান ও বাণিজ্য’ বিষয়ক মন্ত্রী ডিস্ট্র ফেডেলি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর প্রাক্কালে বাংলাদেশের জনগণকে অভিনন্দন জানিয়েছেন এবং ‘মুজিব বর্ষ’ উদযাপনের জন্য শুভেচ্ছা জানিয়েছেন। মন্ত্রী ফেডেলি আজ বৃহস্পতিবার (২০ ফেব্রুয়ারি, ২০২০) অন্টারিও বাণিজ্য মন্ত্রণালয়ে তার কার্যালয়ে বাংলাদেশ কনসাল জেনারেল নাঈম উদ্দিন আহমেদ-এর সাথে সাক্ষাতকালে এ কথা জানান।

কনসাল জেনারেল নাঈম আহমেদ বাণিজ্য মন্ত্রীকে জানান, ২০২০ এবং ২০২১ সাল বাংলাদেশের জন্য দুটি যুগান্তকারী বছর, কারণ এ দুবছরে বাংলাদেশ জাতির পিতার মহান জন্মশতবার্ষিকী এবং স্বাধীন বাংলাদেশের পঞ্চাশতম বার্ষিকী উদযাপন করবে। তিনি বলেন, জাতির পিতার কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে বাংলাদেশ বিশ্বের অন্যতম দ্রুত উন্নয়নশীল অর্থনীতি হিসাবে আত্মপ্রকাশ করছে। কনসাল জেনারেল আরও উল্লেখ করেন যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কানাডার সাথে সম্পর্কের উপর অত্যন্ত গুরুত্ব দেন এবং কানাডার সাথে বাণিজ্য ও বিনিয়োগের সম্পর্কের নতুন সুযোগ তৈরি করতে আগ্রহী।

অন্টারিও ‘অর্থনৈতিক উন্নয়ন, কর্মসংস্থান ও বাণিজ্য’ মন্ত্রী ডিস্ট্র ফেডেলি পরিবেশ বান্ধব পারমাণবিক শক্তি চুল্লি, অর্থনৈতিক অভিবাসন, শিক্ষা এবং হাই-টেক আইটি ভিত্তিক সহযোগিতার উপর জোর দিয়েছেন। তিনি

জানান, বর্তমানে অন্টারিওতে আরও ২৫০,০০০ দক্ষ জনশক্তির প্রয়োজন হবে, বাংলাদেশ যার অন্যতম উৎস হতে পারে। কনসাল জেনারেল নাসিম আহমেদ বাংলাদেশ থেকে দক্ষ ও আধা দক্ষ শ্রমিক আনার জন্য অন্টারিও সরকারের সাথে কাজ করার গভীর আগ্রহ প্রকাশ করেছেন।

কনসাল জেনারেল নাসিম আহমেদ বিশেষত আইসিটি, ফার্মাসিউটিক্যালস, বর্জ্য ও পানি ব্যবস্থাপনা, নবায়নযোগ্য শক্তি, ভেটেরিনারি মেডিসিন, মেডিকেল সরঞ্জাম এবং স্বাস্থ্যসেবা খাতকে অগ্রাধিকারের ক্ষেত্র হিসাবে চিহ্নিত করে সহযোগিতার উপর জোর দিয়েছেন। তিনি বর্তমান সরকারের অধীনে বাংলাদেশে যে অভূতপূর্ব অর্থনৈতিক অর্থনৈতিক উন্নয়ন সাধিত হয়েছে তা প্রত্যক্ষ করতে এবং বাণিজ্য ও বিনিয়োগের সম্ভাব্য ক্ষেত্রগুলি সুনির্দিষ্ট করার জন্য বাংলাদেশে একটি বাণিজ্য মিশন প্রেরণের জন্য মন্ত্রীর প্রতি অনুরোধ জানান। অন্টারিও বাণিজ্যমন্ত্রী জানান যে তার সরকার বাংলাদেশে শীঘ্রই বাণিজ্য মিশন প্রেরণের বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করছে।



ক্যাপশন: নরম মিলার, এমপিপি'র সাথে কনসাল জেনারেল নাসিম আহমেদ

দিনের শুরুতে, কনসাল জেনারেল অন্টারিও প্রিমিয়ার-এর সংসদ বিষয়ক সহকারী নরম মিলার, এমপিপি'র সাথেও সাক্ষাত করেন এবং পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় আলোচনা করেন।